

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১৪. সিজদায়ে সহো (سجود السهو)

ছালাতে ভুলক্রমে কোন 'ওয়াজিব' তরক হয়ে গেলে শেষ বৈঠকের তাশাহহুদ শেষে সালাম ফিরানোর পূর্বে 'সিজদায়ে সহো' দিতে হয়। রাক'আতের গণনায় ভুল হলে বা সন্দেহ হ'লে বা কম বেশী হয়ে গেলে বা ১ম বৈঠকে না বসে দাঁড়িয়ে গেলে ইত্যাদি কারণে এবং মুক্তাদীগণের মাধ্যমে ভুল সংশোধিত হ'লে 'সিজদায়ে সহো' আবশ্যক হয়। শাওকানী বলেন, ওয়াজিব তরক হলে 'সিজদায়ে সহো' ওয়াজিব হবে এবং সুন্নাত তরক হলে 'সিজদায়ে সহো' সুন্নাত হবে।[88] অতএব ছালাতে ক্বিরাআত ভুল হ'লে বা সেরী ছালাতে ভুলবশত ক্বিরাআত জোরে বা তার বিপরীত হয়ে গেলে সহো সিজদার প্রয়োজন নেই।

নিয়ম : (১) যদি ইমাম ছালাতরত অবস্থায় নিজের ভুল সম্পর্কে নিশ্চিত হন কিংবা সরবে 'সুবহানাল্লাহ' বলার মাধ্যমে লোকমা দিয়ে মুক্তাদীগণ ভুল ধরিয়ে দেন, তবে তিনি শেষ বৈঠকের তাশাহ্ছদ শেষে তাকবীর দিয়ে পরপর দু'টি 'সিজদায়ে সহো' দিবেন। অতঃপর সালাম ফিরাবেন।[89]

- (২) যদি রাক'আত বেশী পড়ে সালাম ফিরিয়ে দেন, অতঃপর ভুল ধরা পড়ে, তখন (পূর্বের ন্যায় বসে) তাকবীর দিয়ে 'সিজদায়ে সহো' করে সালাম ফিরাবেন। [90]
- (৩) যদি রাক'আত কম করে সালাম ফিরিয়ে দেন। তখন তাকবীর দিয়ে উঠে দাঁড়িয়ে বাকী ছালাত আদায় করবেন ও সালাম ফিরাবেন। অতঃপর (তাকবীর সহ) দু'টি 'সিজদায়ে সহো' দিয়ে পুনরায় সালাম ফিরাবেন।[91]
- (৪) ছালাতের কমবেশী যাই-ই হৌক সালামের আগে বা পরে দু'টি 'সিজদায়ে সহো' দিবেন।[92]

মোট কথা 'সিজদায়ে সহো' সালামের পূর্বে ও পরে দু'ভাবেই জায়েয আছে। কিন্তু তাশাহহুদ শেষে কেবল ডাইনে একটি সালাম দিয়ে দু'টি 'সিজদায়ে সহো' করে পুনরায় তাশাহ্ছদ ও দর্মদ পড়ে দু'দিকে সালাম ফিরানোর প্রচলিত প্রথার কোন ভিত্তি নেই।[93] সিজদায়ে সহো-র পরে 'তাশাহ্ছদ' পড়ার বিষয়ে ইমরান বিন হুছাইন (রাঃ) হ'তে যে হাদীছটি এসেছে, সেটি 'যঈফ'।[94] তাছাড়া একই রাবী কর্তৃক বর্ণিত বুখারী ও মুসলিমের ছহীহ হাদীছের বিরোধী। কেননা সেখানে তাশাহ্ছদের কথা নেই।[95]

ইমামের ভুল হ'লে পুরুষ মুক্তাদী সরবে 'সুবহা-নাল্লা-হ' বলে এবং মহিলা মুক্তাদী হাতের পিঠে হাত মেরে শব্দ করে 'লোকমা' দিবে (কুরতুবী)। [96] অর্থাৎ ভুল স্মরণ করিয়ে দিবে। এখানে নারী ও পুরুষের লোকমা দানের পৃথক পদ্ধতির কারণ হ'ল এই যে, নারীর কণ্ঠস্বরটাও লজ্জার অন্তর্ভুক্ত (لِأَنَّ صَوْتَهُنَّ عَوْرَةٌ) যা প্রকাশ পেলে পুরুষের মধ্যে ফিৎনার সৃষ্টি হ'তে পারে। বস্তুত: একারণেই নারীদের উচ্চকণ্ঠে আযান দিতে নিষেধ করা হয়েছে।[97]

ফুটনোট



- [88] . শাওকানী, আস-সায়লুল জাররা-র (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, তাবি) ১/২৭৪ পৃঃ।
- [89] . মুসলিম, মিশকাত হা/১০১৫; মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/১০১৮ 'সহো' অনুচ্ছেদ-২০।
- [90] . মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/১০১৬ 'ছালাত' অধ্যায়-৪, 'সহো' অনুচ্ছেদ-২০।
- [91] . মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/১০১৭ ; মুসলিম, মিশকাত হা/১০২১।
- [92] . মুসলিম হা/১২৮৭ (৫৭২), 'সহো' অনুচ্ছেদ-১৯; নায়লুল আওত্বার ৩/৪১১ পৃঃ।
- [93] . মির'আতুল মাফাতীহ ২/৩২-৩৩ পৃঃ ; ঐ, ৩/৪০৭, হা/১০২৪-এর আলোচনা দ্রষ্টব্য।
- [94] . তিরমিযী, আবুদাউদ, ইরওয়াউল গালীল হা/৪০৩, ২/১২৮-২৯ পৃঃ।
- [95] . মুত্তাফার্রু 'আলাইহ, মিশকাত হা/১০১৭ 'ছালাত' অধ্যায়-৪, 'সহো' অনুচ্ছেদ-২০।
- [96] . মুত্তাফার্রু 'আলাইহ, মিশকাত হা/৯৮৮ 'ছালাতে সিদ্ধ ও অসিদ্ধ কর্ম সমূহ' অনুচ্ছেদ-১৯; মির'আত ৩/৩৫৭।
- [97] . মির'আত ৩/৩৫৭-৫৮; أَمُوْرَةٌ عَوْرَةٌ তিরমিয়ী, মিশকাত হা/৩১০৯ 'বিবাহ' অধ্যায়-১৩; فَلاَ تَخْضَغُنَ بَالْقَوْل فَيَطْمَعَ الَّذِي فِي قَلْبِهِ مَرَضٌ مَرَضٌ

Source — https://www.hadithbd.com/books/link/?id=9232

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন